



বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন Bangladesh Institute of Administration and Management (BIAM) Foundation

www.biamfoundation.org

স্মারক নং-০৫.০৫.০০০০.০০৪.১৭.০১১.১৯-২৫৪


তারিখ : ১৭.০৯.২০১৯ খ্রি:

মুদ্রণ কাজের দরপত্র বিজ্ঞপ্তি

বিয়াম ফাউন্ডেশনের নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য সিডিউল মোতাবেক ২০২০ সালের জন্য প্রয়োজনীয় বই, খাতা ও ডায়েরি মুদ্রণের নিমিত্তে ৫(পাঁচ)টি গ্রুপে {গ্রুপ-ক-বই}, {গ্রুপ-খ-ডায়েরি}, {গ্রুপ-গ-অংক খাতা}, {গ্রুপ-ঘ-বাংলা খাতা} ও {গ্রুপ-ঙ-ইংরেজি ও অন্যান্য খাতা} নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রকৃত বাংলাদেশী প্রিন্টার্স/দরদাতার নিকট থেকে দরপত্র আহ্বান করা যাচ্ছে:

শর্তাবলি :

- ১। দরপত্রের সিডিউল ঢাকা, রংপুর, বগুড়া, সিলেট, কক্সবাজার ও খুলনা জেলা প্রশাসকের কার্যালয়ে নেজারত ডেপুটি কালেক্টর (NDC) অফিস থেকে ক্রয় করা যাবে।
- ২। সংশ্লিষ্ট জেলার নেজারত ডেপুটি কালেক্টর (NDC) এর কাছ থেকে নগদ ৫০০/- টাকা মূল্যে প্রতি গ্রুপের টেন্ডার সিডিউল ক্রয় করা যাবে। টেন্ডার দাখিলের সময় টেন্ডার ক্রয়ের রশিদের মূল কপি সংযুক্ত করতে হবে। অন্যথায় টেন্ডার বাতিল বলে গণ্য হবে।
- ৩। দরদাতা কর্তৃক মূল দরপত্রে দাখিলকৃত দর চূড়ান্ত হিসেবে গণ্য হবে। দরপত্রের ফটোকপিতে দাখিলকৃত দর গ্রহণযোগ্য হবে না।
- ৪। কর্তৃপক্ষ প্রয়োজনে সিডিউলে বর্ণিত মালামালের পরিমাণ বৃদ্ধি করতে পারবেন।
- ৫। দরপত্রের সাথে ক গ্রুপের জন্য ৩৭,০০০/- (সাত্বিশ হাজার), খ গ্রুপের জন্য ৪৮,০০০/- (আটচল্লিশ হাজার), গ গ্রুপের জন্য ৫৫,০০০/- (পঞ্চাশ হাজার), ঘ গ্রুপের জন্য ২৬,০০০/- (ছাব্বিশ হাজার) এবং ঙ গ্রুপের জন্য ২৬,৫০০/- (ছাব্বিশ হাজার পাঁচশত) টাকা সিকিউরিটি মানি শুধুমাত্র সোনালী ব্যাংক, মগবাজার, ঢাকা শাখার অনুকূলে মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকা-১০০০ এর বরাবরে জমা দিতে হবে।
- ৬। দরপত্র ০৬/১০/২০১৯ তারিখে অপরাহ্ন ০২:০০ ঘটিকার মধ্যে ঢাকা, রংপুর, বগুড়া, সিলেট, কক্সবাজার ও খুলনা জেলা প্রশাসকের কার্যালয়ে রক্ষিত দরপত্র-বাক্সে জমা দিতে পারবেন। দরপত্রের সঙ্গে ট্রেড লাইসেন্স, আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশনসহ কমপক্ষে ৫০ লক্ষ টাকার কাজ সম্পন্নোর পূর্ব অভিজ্ঞতার প্রমাণক জমা দিতে হবে।
- ৭। নির্বাচিত ঠিকাদারকে কার্যাদেশ দেয়ার সময় উদ্ধৃত (Quoted) মূল্যের ২০% হারে পে-অর্ডার পারফরমেন্স সিকিউরিটি/গ্যারান্টি হিসেবে জমা দিতে হবে।
- ৮। ত্রুটিপূর্ণ দরপত্র এবং দরপত্রে কোন রকম ঘষামাজা ও কাটাকাটি পরিলক্ষিত হলে তা বাতিল বলে গণ্য হবে।
- ৯। ত্রুটিপূর্ণ মালামাল (দরপত্রে বর্ণিত স্পেসিফিকেশন বহির্ভূত) গ্রহণ করা হবে না।
- ১০। উল্লিখিত জেলা প্রশাসকগণের কার্যালয়ে প্রেরিত নমুনা অথবা বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় রক্ষিত নমুনা অনুযায়ী মুদ্রণ করতে হবে।
- ১১। মুদ্রিত পাতুলিপির গ্রুফ বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এর “তথ্য হালকরণ বা চূড়ান্তকরণ কমিটি” কর্তৃক লিখিতভাবে অনুমোদন করিয়ে নিতে হবে, নতুবা মুদ্রিত সামগ্রী গ্রহণযোগ্য হবে না।
- ১২। কার্যাদেশ দেয়ার ১৫ দিনের মধ্যে দরপত্রদাতাকে (বই, খাতা ও ডায়েরি)-এর প্রথম গ্রুফ/ডামি এবং তার পরবর্তী ০৫ দিনের মধ্যে দ্বিতীয় গ্রুফ/ডামি সরবরাহ করে তা বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এর “তথ্য হালকরণ বা চূড়ান্তকরণ কমিটি” হতে চূড়ান্ত অনুমোদন গ্রহণ করতে হবে। অতঃপর পরবর্তী ২৫ দিনের মধ্যে, অর্থাৎ কার্যাদেশ দেয়ার তারিখের পরবর্তী ৪৫ দিনের মধ্যে, সমগ্র মুদ্রণ সামগ্রী সরবরাহ নিশ্চিত করতে হবে।
- ১৩। অনুমোদিত মুদ্রণ সামগ্রী (বই, খাতা ও ডায়েরি) ঠিকাদারী প্রতিষ্ঠান কার্যাদেশ অনুযায়ী নির্বাচিত ০৬টি জেলায় সরবরাহ করবেন।
- ১৪। কার্যাদেশ মোতাবেক মালামাল (গুণগতমান ও পরিমাণ) বুঝে পাওয়ার পর বিল পরিশোধ করা হবে। এক্ষেত্রে নির্বাচিত ০৬টি জেলায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণ হতে চাহিদা অনুযায়ী সন্তোষজনক মানসম্পন্ন মালামাল গ্রহণের প্রত্যয়নপত্র সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিল করতে হবে।
- ১৫। বিল থেকে বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন প্রযোজ্য হবে।
- ১৬। দরদাতা কার্যাদেশে প্রদত্ত শর্ত ভঙ্গ করলে তাকে কালো তালিকাভুক্তকরণসহ তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ (জামানত বাজেয়াপ্ত) করা হবে।
- ১৭। দরপত্রের প্রতি পৃষ্ঠায় দর দাখিলকারীকে স্বাক্ষর করতে হবে।
- ১৮। তথ্য প্রদানের অপূর্ণতার কারণে দরপত্র বাতিল গণ্য হবে।
- ১৯। প্রত্যেক গ্রুপের সিডিউলের লট/গ্রুপ ভিত্তিক মূল্যায়ন করে সর্বনিম্ন দরদাতার অনুকূলে কার্যাদেশ দেয়া হবে।
- ২০। সর্বক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


(মোঃ হেলাল মাহমুদ শরীফ)
পরিচালক (শিক্ষা)
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

প্রাপকঃ

- ১-৬। জেলা প্রশাসক, ঢাকা/ রংপুর/ বগুড়া/ সিলেট/ কক্সবাজার/ খুলনা (তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)।
- ৭। উপ-সহকারী প্রকৌশলী, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা (বিয়ামের ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)।
- ৮। পি এ টু ডিজি (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৯। অফিস সহকারী, শিক্ষা শাখা, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা (সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি পত্রিকায় প্রচারের অনুরোধসহ)।

local E/Mostafa/Notice for Book and diahry

৬৩, নিউ ইস্কাটন, ঢাকা-১০০০, বাংলাদেশ, ফোন : ৯৩৪৮৩৯৪, ৯৩৩৬১১০, ৯৩৫২৪০৬, ৯৩৩৩০১৪, ফ্যাক্স : ৮৮০-২-৯৩৩২৮৬৫, ৯৩৩২৫১৩
63, New Eskaton, Dhaka-1000, Bangladesh, Phone : 9348394, 9336110, 9352406, 9333014, Fax : 880-2-9332865, 9332513